




চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম - ৪৩৪৯, বাংলাদেশ।

ঃ বিজ্ঞপ্তি ঃ


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৯-২০ শিক্ষাবর্ষে স্নাতক কোর্সে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীদের মধ্যে যে সমস্ত প্রার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য হিসেবে বিবেচিত হয়নি তাদের আবেদন ফি (প্রসেসিং ফি বাদ দিয়ে) ফেরৎ দেয়ার প্রক্রিয়া চলছে। ইতোমধ্যে ডাক বিভাগের EMO সার্ভিসের মাধ্যমে ৮৩ (তিরিশ) জনের নিকট অর্থ প্রেরণ করা হয়েছে। কিন্তু উক্ত পদ্ধতিতে অর্থ প্রেরণের ক্ষেত্রে বিভিন্ন রকম জটিলতার সৃষ্টি হচ্ছে। সেজন্য উক্ত পদ্ধতিতে অর্থ প্রেরণ না করে প্রার্থীদের ব্যাংক হিসাব নম্বরে অর্থ প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এমতাবস্থায়, প্রার্থীদের প্রয়োজনীয় তথ্য তথা প্রার্থীর নাম, পিতার নাম, এস এস সি ও এইচ এস সি এর রোল নম্বর ও রেজিস্ট্রেশন নম্বর, ব্যাংক হিসাবধারীর নাম, ব্যাংকের নাম, ব্যাংকের শাখার নাম, ব্যাংক হিসাব নম্বর (কমপক্ষে ১৩ ডিজিট), ব্যাংকের রাউটিং নম্বর এবং ঠিকানা (সংযুক্ত ফর্ম মোতাবেক) আগামী ১৯/১০/২০২০খ্রিঃ তারিখের মধ্যে academic@cueta.ac.bd ইমেইল এড্রেস অথবা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও ছাত্র-বৃত্তি শাখায় জমা দেয়ার জন্য বলা হচ্ছে। এছাড়াও উল্লেখিত তথ্যসমূহ অনলাইন গুগল ফর্ম <https://forms.gle/azhBaAy93vDSKX8h7> এ পূরণ করা যাবে। উল্লেখ্য, যারা অনলাইনে গুগল ফর্মটি পূরণ করবে তাদের ক্ষেত্রে ই-মেইল করা কিংবা অফিসে ফর্ম জমা দেয়ার প্রয়োজন নেই।


২৪/১০/২০২০

(অধ্যাপক ড. ফারুক-উজ-জামান চৌধুরী)

রেজিস্ট্রার(অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।



তারিখঃ ২৪/১০/২০২০ খ্রিঃ।

স্মারক নং ঃএকা-২/পার্ট-১৯/২৫৮(০৬)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরিত হল ঃ

১। সভাপতি, স্নাতক ভর্তি কমিটি ২০১৯-২০, চুয়েট।


২। পরিচালক, আইআইসিটি, চুয়েট। (বিজ্ঞপ্তি ওয়েবসাইটে আপলোডের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে।)

৩। কম্পিউটার, চুয়েট।

৪। পি এস টু ভিসি, চুয়েট। (ভিসি মহোদয়কে অবহিত করার অনুরোধ সহকারে)

৫। নোটিশ বোর্ড।

৬। সংরক্ষণ নথি।



সহকারী রেজিস্ট্রার ২৪/১০/২০২০

একাডেমিক ও ছাত্র-বৃত্তি শাখা

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।